# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪২৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযানে জান্নাতের দরজাসমূহ উন্মুক্তকরণ, জাহান্নামের দরজাসমূহ বন্ধকরণ ও শয়তানকে শৃঙ্খলিত করা সম্পর্কে বর্ণনা

## ذِكْرُ فَتْحِ أَبْوَابِ الْجِنَانِ وَغَلْقِ أَبْوَابِ النِّيرَانِ وَتَصْفِيدِ الشَّيَاطِينِ فِي شَهْرِ رَمَضَانَ

আরবী

3425 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ أَنَسِ بْنِ أَبِي أَنَسٍ أَنَّ أَبَاهُ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا كَانَ رَمَضَانُ فُتِحَت لَهُ أَبْوَابُ الْجَنَّةِ وغُلِّقَت أَبْوَابُ جَهَنَّمَ وسُلْسِلَتِ الشياطين)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3425 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1307).

قَالَ أَبُو حَاتِمٍ: أَنَسُ بْنُ أَبِي أَنَسٍ هَذَا وَالِدُ مَالِكِ بْنِ أَنَسٍ واسمُ أَبِي أَنَسٍ مَالِكُ بْنُ أَبِي عَامِرٍ مِنْ ثِقَاتِ أَهْلِ الْمَدِينَةِ وَهُوَ مَالِكُ بْنُ أَبِي عَامِرِ بْنِ عَمْرِو بْنِ الْحَارِثِ بْنِ غَيْمَانَ بْنِ خُثَيْلِ بْنِ عَمْرٍو مِنْ ذِي أَصْبَحَ مِنْ أقيال اليمن.

বাংলা

৩৪২৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন রমযান আসে, তখন জান্নাতের দরজাসমূহ খুলে দেওয়া হয়, জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেওয়া হয় এবং শয়তানকে শৃঙ্খলিত করা হয়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসের রাবী আনাস বিন আবী আনাস হলেন মালিক বিন আনাসের বাবা, আর আবূ আনাসের নাম মালিক বিন আবী আমির। তিনি মদীনার্ একজন নির্ভরযোগ্য ব্যক্তি। তিনি মালিক বিন আবূ আমির, বিন আমর বিন হারিস বিন গাইমান বিন খুসাইল বিন আমর। তিনি ইয়ামানের যুআসবাহের মানুষ।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৭৯; সুনান বাইহাকী: ৪/৩০৩; মুসনাদ আহমাদ: ২/৪০১; সহীহুল বুখারী: ১৮৯৯; নাসাঈ: ৪/১২৬; দারেমী: ২/৬২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৮২; বাগাবী: ১৭০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২-৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৩০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন